রেকর্ডগড়া বছর কাটানোর পুরস্কার পেলেন বুমরাহ

২০২৪ সালে জাসপ্রীত বুমরাহর ওপর যেন অতিমানব ভর করেছিল। যা ছুঁয়ে দেখছিলেন, তাই সোনা হয়ে যাচ্ছিল। সব ফরম্যাটেই তিনি যেন বনে গিয়েছিলেন ভারতের মাইডাস।

তবে তার সবচেয়ে বিধ্বংসী রূপটা দেখা গেছে টেস্ট ক্রিকেটে। রান দিচ্ছেন না ব্যাটারদের, চাপে ফেলে উইকেটও তুলে নিচ্ছেন– এমনটা গেল বছর খুব পরিচিত একটা দৃশ্য হয়ে গিয়েছিল বুমরাহর।

২০২৩ সালটা ভালো কাটেনি তার। পিঠের চোট তাকে লম্বা সময় ধরে টেস্ট খেলতে দেয়নি। তবে ৩১ বছর বয়সী বুমরাহ তার নিজেকে নতুন করে আবিষ্কার করেছেন ২০২৪ সালে। ৭১ উইকেট শিকার করেছেন তিনি, তাও মোটে ১৩ ম্যাচে। গেল বছরের সবচেয়ে বেশি উইকেট ছিল তার দখলে।

শুধু যে উইকেট তুলে নিয়েছেন, বিষয়টা তা নয়। তার গড় আবার ১৪.৯২, প্রতি ৩০.১ বলে উইকেট তুলে নিয়েছেন একটি করে। ক্রিকেটটা যখন রানের খেলা, তখন উইকেটপ্রতি ১৫’রও কম রান দেওয়াটা অনেক বড় ব্যাপার। তার মানে দাঁড়াচ্ছে তার বল মোটেও স্বাচ্ছন্দ্যে থাকতে দেয়নি ব্যাটারদের।

গেল বছর ইতিহাসের চতুর্থ ভারতীয় হিসেবে এক পঞ্জিকাবর্ষে ৭০ এর বেশি উইকেট নেওয়ার কীর্তি গড়ে ফেলেন তিনি। তার আগে এই কীর্তি গড়েছিলেন– রবিচন্দ্রন অশ্বিন, অনিল কুম্বলে, কপিল দেবদের মতো কিংবদন্তিরা।

তবে একটা জায়গায় তিনি ছাড়িয়ে গেছেন সবাইকে। কোনো বছরে কেউ ৭০ উইকেট তুলে নিচ্ছে, আর টার গড় ২০ এর নিচে, এমন কিছু ক্রিকেটে দেখা যায়নি কখনোই। সেখানে বুমরাহ উইকেটপ্রতি রান দিয়েছেন মোটে ১৪.৯২ করে।

এমন রেকর্ডগড়া বছর কাটানোর পুরস্কার এবার পেলেন তিনি। আইসিসির বর্ষসেরা টেস্ট ক্রিকেটার বনে গিয়েছেন তিনি। সোমবার এক ঘোষণায় বিশ্বক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা এই খবর জানায়।

ব্যাটারদের জয়জয়কারের যুগে বোলার হয়ে এই পুরস্কারটা পেলেন তিনি। বুমরাহর অনেক কীর্তি গড়ার বছরের সবচেয়ে বড় কীর্তি বুঝি এটাই!

সূত্র: যুগান্তর

টি-টোয়েন্টিতে নটআউট থেকে ৩১৮ রান, নতুন সুপারস্টার পেল ভারত

নিত্য তারকার জন্ম হয় ভারতীয় ক্রিকেটে। দলটির পাইপলাইন এতটাই সমৃদ্ধ যে চাইলেই আপনি দুই তিনটা একাদশ গড়ে ফেলতে পারেন। এমন দলে সবচেয়ে কঠিন কাজ বৈশ্বিক টুর্নামেন্টের আগে নির্বাচকদের দল ঘোষণা। নির্বাচকদের তাই দল থেকে বাদ পড়া ক্রিকেটারদের নিয়ে দুঃখ প্রকাশ করা ছাড়া আর কোনো যৌক্তিক কারণ থাকে না।

এই যেমন ভারতের চ্যাম্পিয়ন্স ট্রফির দলে জায়গা হয়নি সূর্যকুমার যাদব, সাঞ্জু স্যামসন, মোহাম্মদ সিরাজ ও তিলক ভার্মাদের মতো ব্যাটারদের। নিয়মিত পারফর্ম করলেও তাদের সুযোগ দিতে বেগ পেতে হয় নির্বাচকদের। ম্যাচ খেলাতে হয় বিশ্রাম দিয়ে দিয়ে। তবে এদের মধ্যে তিলক নিজেকে একটু বেশিই অভাগা ভাবতে পারেন। টি-টোয়েন্টিতে নটআউট থেকে ৩১৮ রান করার বিশ্বরেকর্ড গড়েও যে জায়গা হয়নি তার। তবে তিনি যে ভারতের আগামীর সুপারস্টার সেটা বলতে দ্বিধা করেননি সাবেক ক্রিকেটার আম্বাতি রায়ডু।

সবশেষ ম্যাচে ইংল্যান্ডকে একাই হারিয়ে দিয়েছেন তিলক। ৫৫ বলে ৭২ রানের ইনিংস খেলে দলকে জিতিয়ে মাঠ ছেড়েছেন এই ব্যাটার। পথে টি-টোয়েন্টিতে টানা অপরাজিত থেকে রেকর্ড ৩১৮ রান করেছেন তিনি। টানা ৪ ইনিংসে অপরাজিত ছিলেন এই ব্যাটার। এই অপরাজেয় পথচলায় চার ইনিংসে ১৭৪ বল খেলে ২২ ছক্কা ও ২৪ চারে এই রান করেছেন ২২ বছর বয়সি এই ব্যাটার। পেছনে ফেলেছেন নিউজিল্যান্ডের মার্ক চাপম্যানের করা ২৭১ রানকে।

এমন একজন তরুণ ব্যাটারকে তাই ভারতের সুপারস্টার বলতে একটুও দ্বিধা করেননি সাবেক ক্রিকেটার রায়ডু। স্টার স্পোর্টসে তিনি

বলেন, ‘আমার মনে হয়, ভারত বিশাল এক মহাতারকা পেয়ে গেছে। সব সংস্করণের ব্যাটসম্যান হয়ে উঠতে পারে সে। শুধু একজন টি-টোয়েন্টি ব্যাটসম্যান সে নয়। এই ম্যাচে (ইংল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টি-টোয়েন্টিতে) যে ধরনের পরিণত মানসিকতা সে দেখিয়েছে, অনেক বছর ধরে ভারতকে ম্যাচ জেতানোর সামর্থ্য তার আছে। সব সংস্করণেই তার ওপর আস্থা রাখা উচিত।’

তরুণ এই ব্যাটসম্যানের জ্বলে ওঠার পেছনে ভারতীয় অধিনায়কের কৃতিত্বও দেখেন রায়ুডু। বলেন, ‘তিলক এখনই মহাতারকা, তাকে আমি দেখেছি হায়দরাবাদে গড়ে উঠতে। চারটি অসাধারণ ইনিংস সে গত কিছুদিনে খেলেছে। সূর্যকুমার অধিনায়ক হওয়ার পর থেকে যে বিশ্বাস সে জুগিয়েছে তিলককে, তার ওপর যতটা আস্থা রেখেছে, সেসবের প্রতিদান দিচ্ছে সে।’

সূত্র: যুগান্তর

জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টে গাংনী উপজেলা চ্যাম্পিয়ন

তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে মেহেরপুরে জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।
আজ রবিবার (২৬ জানুয়ারি) বিকালে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় বাস্কেট বল গ্রাউন্ডে মেহেরপুর সদর ও গাংনী উপজেলা পর্যায়ের অংশগ্রহণে এই ফাইনাল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

‘এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’ প্রতিপাদ্যে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে এবং ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

ফাইনালে গাংনী উপজেলা বাস্কেটবল দল ৬২-১৬ পয়েন্টের বিশাল ব্যবধানে মেহেরপুর সদর উপজেলা বাস্কেট বল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় টূর্ণামেন্টের শ্রেষ্ট খেলোয়ার নির্বাচিত হয়েছেন বিজয়ী দলের খেলোয়ার জাহেদুল ইসলাম জনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, উপজেলা বিআরডিবি অফিসার
অনুষ্ঠানের সাবির্ক দায়িত্ব পালন করেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও জাতীয় ভলিবল দলের সাবেক কোচ আতর আলী।

সমাপনী অনুষ্ঠানের শুরুতে জুলাই আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শাহাদতবরণকারী শহিদদের রূহের মাগফেরাত এবং আহত ছাত্র-জনতার রোগমুক্তি কামনায় প্রার্থনা করা হয়।

পুরস্কার বিতরন শেষে বিজয়ী দল ও খেলোয়াড়দের আন্তরিক অভিনন্দন জানানোর পাশাপাশি আয়োজন সফল করার জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন অতিরিক্ত জেলা প্রশাসক।

এসময় বক্তরা বলেন, পড়ালেখা ছাত্রদের প্রধান কাজ হলেও খেলাধুলা আমাদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য দুটো গঠনে ভুমিকা রাখে। জাতীয় পর্যায়ে এই আয়োজন তরুন সমাজের দেশ গঠনে ভূমিকা রাখবে এবং আমাদের ক্রীড়ামোদী একটা সমাজ গড়ে তুলতে ভূমিকা রাখবে।

লিভারপুল ছেড়ে যাওয়ার আগে শেষ ইচ্ছা জানালেন সালাহ

লিভারপুলের সঙ্গে মোহাম্মদ সালাহর চুক্তি নবায়ন করা না করা নিয়ে বেশ কিছুদিন ধরেই জল্পনা চলছে। ধারণা করা হচ্ছিল, এই জানুয়ারিতেই হয়তো নতুন করে চুক্তি নবায়ন হবে সালাহর।

কিন্তু মাস শেষ হতে চললেও এখন পর্যন্ত তেমন কোনো ইঙ্গিত পাওয়া যায়নি। ফলে লিভারপুল সমর্থকদের মধ্যে চুক্তির শেষ ছয় মাসে প্রবেশ করা সালাহকে হারানোর আশঙ্কা বেড়ে গেছে।

এর আগে সালাহ নিজেও বলেছিলেন, এটা লিভারপুলে তার শেষ বছর। এবার লিভারপুল ছাড়ার আগে নিজের শেষ ইচ্ছা কী, সেটাও জানিয়ে দিয়েছেন সালাহ। বলেছেন, ক্লাব ছাড়ার আগে আরেকবার ইংলিশ প্রিমিয়ার লিগের ট্রফি জিততে চান তিনি।

২০১৭ সালে সিরি ‘আ’ ক্লাব এএস রোমা ছেড়ে লিভারপুলে আসেন সালাহ। এরপর ইয়ুর্গেন ক্লপের অধীনে নিজেকে সময়ের অন্যতম সেরা খেলোয়াড় হিসেবে প্রতিষ্ঠিত করেন সালাহ। ক্লপের অধীনে লিভারপুলের প্রিমিয়ার লিগ ও চ্যাম্পিয়নস লিগ জয়ের অন্যতম নায়কও ছিলেন সালাহ।

এর মধ্যে লিভারপুল এবং প্রিমিয়ার লিগের সর্বকালের সেরাদের কাতারেও উঠে এসেছেন তিনি।

এমনকি ক্লপের বিদায়ের পর চলতি মৌসুমে আর্নে স্লটের অধীনেও আলো ছড়াচ্ছেন সালাহ। এখন পর্যন্ত চলতি মৌসুমে সব মিলিয়ে ৩২ ম্যাচে ২৩ গোলের পাশাপাশি ১৭টি অ্যাসিস্ট করেছেন সালাহ।

সূত্র: ইত্তেফাক

ব্যাটিং বিপর্যয়েই ভাঙল সরাসরি বিশ্বকাপ খেলার স্বপ্ন

ম্যাচ জিতলেই সরাসরি খেলবে বিশ্বকাপে, এমন সমীকরণে খেলতে নেমে খুব বাজেভাবে হেরেছে বাংলাদেশ নারী দল। ৮ উইকেটের বিশাল ব্যবধানে হেরে ভেঙে চুরমার হয়েছে নিগার সুলতানাদের সরাসরি বিশ্বকাপ খেলার স্বপ্ন।

বাংলাদেশ হেরেছে মূলত তাদের ব্যাটিং ব্যর্থতায়। গুরুত্বপূর্ণ ম্যাচেও দেখিয়েছে ব্যাটিংয়ের বাজে প্রদর্শনী।

শুরুতেই ব্যাটিং করে ১১৮ রানেই গুটিয়ে গেছে নিগার সুলতানারা। যার মধ্যে শেষ ৫০ রানে পড়েছে ৯ উইকেট। আর ১১ রানে শেষ ৬টি। শেষ ৬ ব্যাটার পারেননি দুই অঙ্ক ছুঁতে।
শেষ ৫ ব্যাটার মিলে রান ১!
অথচ, সেন্ট কিটসে বাংলাদেশের ব্যাটিংয়ের শুরুটা এতটা বাজভাবে হয়নি। দলীয় ৬ রানে মুর্শিদা খাতুন ফিরলেও ফারজানা হক ও শারমিন আক্তারের জুটি নিয়ে যায় ৬৮ রান পর্যন্ত। এরপরই নেমে আসে ব্যাটিং ধস। শেষ দিকে তো শুরু হয়ে যায় আসা-যাওয়ার মিছিল।

আর সহজ রান তাড়ায় ক্যারিবিয়ানরা জিতে যায় ২ উইকেট হারিয়ে ২৭.৩ ওভারেই। শেষ ওয়ানডেতে ৮ উইকেটের জয়ে তিন ম্যাচের সিরিজ ২-১ ব্যবধানে জিতে নেয় ওয়েস্ট ইন্ডিজ।

এই হারে অবশ্য বিশ্বকাপে খেলার সুযোগ শেষ হয়ে যাচ্ছে না বাংলাদেশের। বাছাইপর্বের বৈতরণি পর হতে হবে। বাছাইপর্ব খেলতে হবে ওয়েস্ট ইন্ডিজকেও।

এই বছর অগাস্ট-সেপ্টেম্বরে ভারতে হবে বাছাইপর্ব। ৬ দলের এই বাছাইপর্বে পাকিস্তান, ওয়েস্ট ইন্ডিজ, আয়ারল্যান্ড, স্কটল্যান্ড ও থাইল্যান্ডের বিপক্ষে খেলতে হবে বাংলাদেশকে। যেখান থেকে দুই দল খেলবে বিশ্বকাপে।

সূত্র: কালের কন্ঠ

গাংনীতে যুব কাবাডি খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগ তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে যুব কাবাডি (অনুর্ধো-১৭ বালক ও বালিকা) খেলা ও পুরস্কার প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।
খেলায় বালক পর্যায়ে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও মানিকদিয়া এগারপাড়া দাখিল মাদ্রাসার মধ্যে অনুষ্ঠিত খেলায় ৩২ পয়েন্ট অর্জন করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় দল উপজেলা পর্যায়ে শ্রেষ্ট ও জেলা পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করে। খেলায় মানিকদিয়া এগারপাড়া দাখিল মাদ্রাসা দল অর্জন করে ১০ পয়েন্ট।

এছাড়া বালিকা কাবাডি দলের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় বালিক দল ৩১ পয়েন্ট অর্জন করে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ ও মেহেরপুর জেলা পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করে। উপজেলা পর্যায়ে রানার্স অপ দল হয় জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল, তারা অর্জন করে ৪ পয়েন্ট।

খেলা শেষে বিজয়ী ও রানার্স আপ দলের খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা তাদের হাতে কাপ ও মেডেল তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মোতালেব হোসেন, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, উপজেলা আনসার ভিডিপি সাঈদুর রহমান, উপজেলা বিআরডিবি অফিসার মোস্তাফিজুর রহমান, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী,বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচীব মুজাহিদুল ইসলাম।

এই খেলার চর্চা যেনো ধারাবাহিকভাবে চলে সেজন্য শিক্ষার্থী ও ক্রীড়া সংগঠকদের প্রতি উদাত্ব আহবান জানান তিনি।

প্রীতম সাহা আরও বলেন, যারা খেলাধুলার সাথে সম্পৃক্ত থাকে, তারা মাদক ও সামাজিক অন্যায় অপরাধ থেকে দুরে থাকেন। তারা সুঠাম দেহ ও সুস্বাস্থের অধিকারী হয়। খেলাধুলা শারীরিক মানুষিক ও আধ্যাতিক বিকাশেও দারুনভাবে সহযোগীতা করে। খেলাধুলা আমাদের একাগ্রতা ও মনোযোগ বৃদ্ধি করে।

মনোযোগ দিয়ে লেখাপড়া করার আহবান জানিয়ে ইউএনও প্রীতম সাহা বলেন, আমরা কেউ যেনো মাদকের দিকে হাত না বাড়াই।
সড়ক নিরাপত্তার উপর গুরত্ব দেওয়ার আহবান জানিয়ে প্রীতম সাহা বলেন, মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কটি চার লেনে উন্নিত হয়েছে। এই সড়কটিতে এখন যানবাহনের সংখ্যা বাড়ার সাথে সাথে গাড়িগুলো দ্রুত গতিতে ছুটছে। আমরা চাইনা দ্রুতগতির কারনে, আমাদের ছেলে বা মেয়ের জীবনে দুর্ঘটনা নেমে আসুক।
তরুণদের উদ্যেশ্যে তিনি বলেন, দ্রুতগতিতে ও বেপরোয়া মটরসাইকেল চালানোর কারনে দুর্ঘটনা ও মৃত্যুর মিছিল দেখতে পাচ্ছি। এই ধরনের অনাকাংখিত দুর্ঘটনা ও মৃত্যু আমরা প্রত্যাশা করিনা। আমরা চাই সকলেই সুস্থ থাকুক। একটি দুর্ঘটনা, একটি পরিবার বা ব্যাক্তির কান্নার কারন না হয়।

মুজিবনগরে ভলিবল, কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫ -উদযাপনে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, ভলিবল,কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্ট উপলক্ষে আজ বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা পরিষদ খেলার মাঠে ভিড় করে উপজেলার চারটি ইউনিয়নের ভলি, কাবাডি এবং ব্যাডমিন্টন দল এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী

শিক্ষক এবং উৎদামি তরুণ ও সাধারণ মানুষ।

টুর্নামেন্টের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর ইনচার্জ মিজানুর রহমান মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, ছাত্র প্রতিনিধি তুষার সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ ।

দিন ব্যাপী আয়োজনে টুর্নামেন্টে উপজেলার বাগোয়ান, মোনাখালি, দারিয়াপুর ও মহাজনপুর ইউনিয়নের ইউনিয়ন দল অংশগ্রহণ করেন। কাবাডিতে বাগোয়ান ইউনিয়ন কাবাডি দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানার আপ দারিয়াপুর ইউনিয়ন দল । দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্টে দারিয়াপুর ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে রানারআপ বাগোয়ান ইউনিয়ন দল এবং ভলিবল টুর্নামেন্টে মোনাখালি ইউনিয়ন দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানারআপ হয় দারিয়াপুর ইউনিয়ন দল।

টুর্নামেন্ট শেষে বিকেলে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের বিজয়দের মাঝে পুরস্কার বিতরণ করেন।এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আহসান মোস্তাফিজুর রহমান এবং ছাত্র প্রতিনিধি তুষার।

পিএসজির জাদুকরী প্রত্যাবর্তন, খাদের কিনারায় সিটি

প্রথমার্ধ গোলশূন্য। দ্বিতীয়ার্ধের ৮ মিনিটের মধ্যে দুই গোলে এগিয়ে গেল ম্যানচেস্টার সিটি। সেখান থেকে অবিশ্বাস্যভাবে ঘুরে দাঁড়িয়ে প্রত্যাবর্তনের অনবদ্য এক গল্প লিখল পিএসজি। ৪-২ গোলের জয়ে শেষ ষোলোর আশা দারুণভাবে বাঁচিয়ে রাখল ফরাসি ক্লাবটি।

প্যারিসে বৃষ্টিভেজা রাতে রোমাঞ্চের ইঙ্গিতটা ম্যাচের শুরু থেকেই ছিল। প্রথম মিনিট থেকেই আক্রমণে ঝাঁপিয়ে পড়ে দুই দল। আক্রমণ, প্রতি-আক্রমণের ধারায় ২৭তম মিনিটে এগিয়ে যেতে পারত পিএসজি। কর্নারের পর ফাবিয়ান রুইজের হাফ-ভলি গোললাইন থেকে ফেরান সিটি ডিফেন্ডার গাভারদিওল।

৩৯ মিনিটে আবার আক্রমণে গিয়ে সুযোগ তৈরি করে সিটি। ফিল ফোডেনের পাস ধরে দুই ডিফেন্ডারের চ্যালেঞ্জ সামলে বক্সে ঢুকে পড়েন সাভিনিয়ো। এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ডের প্রচেষ্টা পা দিয়ে ঠেকান পিএসজি গোলরক্ষক দোন্নারুম্মা। প্রথমার্ধের শেষ গোল আদায় করে নেয় পিএসজি।
কিন্তু নুনো মেন্দেস অফসাইডে থাকায় আশরাফ হাকিমির করা সেই গোলটি বাতিল হয়।
দ্বিতীয়ার্ধের ৫০তম মিনিটে সিটিকে এগিয়ে নেন সাভিনিয়োর বদলি নামা গ্রিলিশ। ইংলিশ তারকার গোলের ৩ মিনিট পর সিটির ব্যবধান ২-০ করেন আর্লিং হালান্ড। যখন মনে হচ্ছিল ঘরের মাঠে ম্যাচটা হারতে যাচ্ছে পিএসজি, তখন নাটকীয়ভাবেই ঘুরে দাঁড়ায় তারা। ৫৬ থেকে ৬০ মিনিটের মধ্যে দুই গোল শোধ করে অবিশ্বাস্যভাবে সমতায় ফেরে দলটি।

প্রথম গোল করেন দেম্বেলে। দ্বিতীয় গোলটি ব্রাডলি বারকোলার। সমতা ফিরিয়েও আর গতি কমায়নি দলটি। ৭৮তম মিনিটে সমর্থকদের আরেকবার উল্লাসে ভাসিয়ে এগিয়ে যায় পিএসজি। ডান দিক থেকে ভিতিনিয়ার ফ্রি-কিকে দূরের পোস্টে চমৎকার হেডে গোলটি করেন নাভাস। যোগ করা সময়ের তৃতীয় মিনিটে জালের দেখা পান দ্বিতীয়ার্ধে বদলি নামা রামোস। শুরুতে অফসাইডের পতাকা উঠলেও, ভিএআরে গোলের বাঁশি বাজান রেফারি। উল্লাসে ফেটে পড়ে পার্ক দ্য প্রিন্সেস।

এ জয়ে শেষ ষোলোর আশা দারুণভাবে বাঁচিয়ে রাখল পিএসজি। পয়েন্ট তালিকায় ২৬ নম্বর থেকে ৭ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে ২২ নম্বরে আসল তারা। অন্যদিকে সিটি চ্যাম্পিয়নস লিগে শেষ ষোলো নিশ্চিত করার জন্য প্লে অফ খেলতে হলে শেষ ম্যাচে ক্লাব ব্রুগার বিপক্ষে জিততেই হবে তাদের। তবে ৭ ম্যাচ শেষে ৮ পয়েন্ট নিয়ে ২৫ নম্বরে থাকা সিটি এই মুহূর্তে বাদ পড়াদের কাতারেই আছে।

সূত্র: কালের কন্ঠ

[redacted]

[redacted]

মধ্যকার সম্পর্কের কারণেই তারা এই নিয়ম করেছে বলে মনে হচ্ছে। পিএসএল একটি ছোট প্রতিযোগিতা, তাই যদি কেউ এটি খেলে, তবে সে কম ঘরোয়া ম্যাচ মিস করবে। তবে কেউ আইপিএল খেলতে চাইলে সেটা হবে না … এটি ঠিক বলে মনে হচ্ছে না।’

হ্যাম্পশায়ারের দীর্ঘদিনের অধিনায়ক ভিন্স ১৫ বছরের ক্যারিয়ারে ১৯৭টি প্রথম শ্রেণির ম্যাচ খেলেছেন এবং ৯২টি ম্যাচে দলকে নেতৃত্ব দিয়েছেন। তাঁর অধিনায়কত্বে দল টানা তিনবার শীর্ষ তিনে শেষ করেছে। তবে ভিন্স মনে করেন, আরও অনেক খেলোয়াড় তার পদাঙ্ক অনুসরণ করবে। তিনি বলেন, ‘বেশি বেশি সুযোগ আসছে হোয়াইট-বল ক্রিকেট খেলার এবং আমাদের ঘরোয়া মৌসুমে ভালো উপার্জন করার… খেলোয়াড়দের জন্য লাল বলের ক্রিকেট খেলার তুলনায় আর্থিকভাবে বড় পার্থক্য তৈরি হচ্ছে। বিশেষ করে ক্যারিয়ারের শেষের দিকে, যখন আয়ের মধ্যে বিশাল ফারাক তৈরি হয়, তখন আরও বেশি খেলোয়াড় এই পথ বেছে নেবে।’

সূত্র: যুগান্তর

টাকা দেয়নি রাজশাহী, বিসিবির কাছে অভিযোগ বিদেশি ক্রিকেটারের

রাজশাহীর দুঃসময় যেন কাটছেই না। দিনকয়েক আগে ক্রিকেটাররা অনুশীলন বয়কট করেছিলেন চুক্তির অর্থ পাননি বলে। এরপর তারা মাঠে ফিরেছেন আবার। তবে এবার আর বয়কট নয়, সরাসরি বিসিবির কাছে অভিযোগ করে বসলেন শ্রী লঙ্কান ক্রিকেটার লাহিরু সামারাকুন, তার অভিযোগ, রাজশাহী কর্তৃপক্ষ এখনও তার টাকা দেয়নি।

চলমান বিপিএলে দুর্বার রাজশাহী এখন পর্যন্ত ৯ ম্যাচে মাত্র ৩টি জয় ও ৬টি হারের মাধ্যমে ৬ পয়েন্ট নিয়ে তালিকায় পঞ্চম স্থানে অবস্থান করছে। এর মধ্যে সামারাকুন রাজশাহীর হয়ে খেলেছেন একটি ম্যাচ।

সামারাকুন তার বকেয়া অর্থ নিয়ে বিসিবির কাছে আনুষ্ঠানিক অভিযোগ করেছেন। দেশের একটি শীর্ষস্থানীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুসারে, সামারাকুন হোয়াটসঅ্যাপ বার্তার মাধ্যমে বিসিবি কর্মকর্তাদের বিষয়টি জানান। বিসিবি জানিয়েছে, তারা বিভিন্ন খেলোয়াড়ের কাছ থেকে এ ধরনের অভিযোগ পাচ্ছে এবং বিষয়গুলো গুরুত্বের সাথে দেখছে।

রাজশাহীর অর্থপ্রদানের ইস্যু নিয়ে ইতিমধ্যেই বিতর্ক দেখা দিয়েছে। দলের স্থানীয় খেলোয়াড়রা তাদের বকেয়া পারিশ্রমিকের দাবিতে চট্টগ্রামে প্রথম অনুশীলন সেশন বয়কট করেন। এমনকি তারা পরিস্থিতির সমাধান না হলে সিলেট স্ট্রাইকার্সের বিপক্ষে ম্যাচ বয়কট করার হুমকিও দিয়েছিলেন।

শেষ পর্যন্ত ম্যাচের কয়েক ঘণ্টা আগে খেলোয়াড়দের বকেয়া বেতনের ২৫ শতাংশ নগদ এবং আরও ২৫ শতাংশ চেকের মাধ্যমে পরিশোধ করা হয়। তবে সামারাকুনসহ কিছু বিদেশি খেলোয়াড় এখনও তাদের পাওনা অর্থ পাননি বলে জানা গেছে।

সামারাকুনের চুক্তির মোট মূল্য ছিল ১৫ হাজার মার্কিন ডলার। পুরো বিপিএল জুড়ে তিনি রাজশাহীর হয়ে চুক্তিবদ্ধ থাকলেও অর্থপ্রাপ্তি নিয়ে তার অভিযোগ বিপিএলের ব্যবস্থাপনা এবং ফ্র্যাঞ্চাইজিগুলোর আর্থিক দায়বদ্ধতা নিয়ে নতুন প্রশ্ন তুলেছে।

সূত্র: যুগান্তর